অধিবেশন নং ঃ ৩

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

কাহারোল, দিনাজপুর।

সভাপতি ঃ জনাব মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর

তারিখ ঃ ০৭/০৫/২০২৫ খ্রি.
সময় ঃ বেলা ঃ ০৩:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর ঃ-**

| ক্রঃ নং | সদস্যগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | সভাপতি | |
| ২। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ৩। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | 07.5.25 |
| ৪। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | 07.5.25 |
| ৫। | উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য সচিব | |

**আলোচ্য বিষয় ঃ**

১। প্রথম প্রান্তিক মূল্যায়ন সম্পর্কিত আলোচনা।
২। ২০২৫ শিক্ষা বর্ষের উপবৃত্তির পোর্টালে শিক্ষার্থীদের শ্রেণি হালনাগাদ ও নতুন শিক্ষার্থী এ্যান্ট্রিকরণ বিষয়ে আলোচনা।
৩। ২০২৪-২০২৫ অর্থ বছরে স্লিপ কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
৪। ২০২৪-২০২৫ অর্থ বছরে রাজস্ব খাতে বিদ্যালয় মেরামত বাবদ অর্থ বরাদ্দ সংক্রান্ত আলোচনা।
৫। বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর কে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা করার জন্য আহবান জানান। অতঃপর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষার্থীদের প্রথম প্রান্তিক মূল্যায়ন ৫ মে, ২০২৫ হতে ১৫ মে, ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত হবে। | বিদ্যালয় পর্যায় শিক্ষার্থীদের মূল্যায়ন নির্ধারিত সূচী মোতাবেক সম্পন্ন করে উত্তরপত্র যথাযথ ভাবে মূল্যায়ন ও যাচাই করে নির্ধারিত সময়ে ফলাফল প্রস্তুত পূর্বক আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষনার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় অবগত করেন যে, ২০২৫ শিক্ষা বর্ষে উপবৃত্তি পোর্টালে শিক্ষার্থীদের তথ্য শ্রেণি হালনাগাদ করণ, নতুন এ্যান্ট্রি আগামী ২৪/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিশ্চিত করণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সকল প্রধান শিক্ষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো হয়েছে। | শিক্ষার্থীদের উপবৃত্তি পোর্টালে শ্রেণি হালনাগাদ নতুন তথ্য এ্যান্ট্রি এবং তথ্য সংশোধন সঠিক ভাবে যাচাই বাছাই করে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে স্লিপ কার্যক্রমের ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে এবং অনুমোদিত পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। | স্লিপের অনুমোদিত প্লান মোতাবেক যাবতীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করে বিল ভাউচার আগামী ৩১ মে, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৪। ২০২৪-২০২৫ অর্থ বছরে রাজস্ব খাতে (১) জগন্নাথপুর সপ্রাবি (২) দাউদপুর সপ্রাবি (৩) মহেশপুর সপ্রাবি মেরামত বাবদ ১,৫০,০০০/= টাকা হারে বরাদ্দ পাওয়া গেছে। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কর্তৃক প্রাক্কলন মোতাবেক মেরামত কাজ সম্পন্ন করে বিল ভাউচার যথাসময়ে দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয় |

চলমান পাতা-২

| |
|---|
| ৫। বিবিধ বিষয়ে সভাপতি মহোদয় প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে কমপক্ষে দুই জন শিক্ষার্থী শাপলা কাব অ্যাওয়ার্ড ২০২৫ -এ অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরম পুরণ করে উপজেলা স্কাউট সম্পাদক বরাবর দাখিল করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে যথাযথ প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের কার্যকর ব্যবস্থা নিতে বলেন। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

তারিখ ঃ ০৭/৫/২০২৫ খ্রি।

০৭/০৫/২০২৫

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং ঃ উশিঅ/কাহা-দিনাজ/শিক্ষা কমিটি/২০২৫/ তারিখ ঃ ০৭/৫/২০২৫ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-**

০১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
০৩। জনাব ..............................................................................., সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ স্থায়ী কমিটি, কাহারোল, দিনাজপুর।
০৪। সংরক্ষণ নথি।

(এম. কে. এ জিন্নাত আলী)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ)
কাহারোল, দিনাজপুর।